



পিস ভিলেজে আবেগঘন পরিবেশে হযরত মির্যা মসরুর আহমদ (আই.)-কে স্বাগত জানালেন হাজারো আহমদী মুসলিম



চার বছরেরও বেশি সময় পর ৩ অক্টোবর, ২০১৬, নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের প্রধান, পঞ্চম খলীফা, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) কানাডার পিস ভিলেজ, ভোগান, অন্টারিওতে আগমন করেন যেখানে হাজারো আহমদী মুসলিম তাঁকে স্বাগত জানান।

সম্মানিত হযূর (আই.)কে কানাডার টরন্টো পিয়ারসন বিমান বন্দরে জনাব লাল খান মালিক, আমীর, আহমদীয়া মুসলিম জামাত কানাডা এবং অন্যান্য কর্মকর্তারা স্বাগত জানান যারা পরবর্তিতে পাহারা দিয়ে সম্মানিত হযূরকে আহমদীয়া মুসলিম জামা'ত কানাডার জাতীয় সদরদপ্তর, পিস ভিলেজ এর বাইতুল ইসলাম মসজিদে নিয়ে যায়।



হযরত মির্যা মসরুর আহমদ (আই.) -কে পিস ভিলেজে হাজারো আহমদী মুসলিম স্বাগত জানান যারা উল্লাস এবং ভালবাসার শ্লোগান দিতে থাকে এবং মহান আল্লাহতাআলার কৃতজ্ঞতা প্রকাশ করতে থাকে।

ভোন এর সম্মানিত মেয়র অনারেবল মরিজিয় বেভিলাকুয়া, অন্টারিওর সড়ক মন্ত্রী অনারেবল স্টিভেন ডেল ডুকা এবং জাতীয় সংসদ সদস্য অনারেবল ডেব শুল্ট সম্মানিত হুয়ুরকে স্বাগত জানান।



পৌছানোর পর পরই সম্মানিত হুয়ুর বাইতুল ইসলাম মসজিদে যোহর এবং আসরের নামাজ পড়ান।



৭ থেকে ৯ অক্টোবর মিসিসাগায় অনুষ্ঠিতব্য আহমদীয়া মুসলিম জামাতের ৪০তম সালানা জলসায় অংশগ্রহণ করার জন্য সম্মানিত হুযূর লন্ডন থেকে আগমন করেছেন।





হুযূর এর আগমনের পাশাপাশি আহমদীয়া মুসলিম জামাত কানাডার ৫০ বছর পূর্তীও উদযাপন হচ্ছে।